# NTRCA লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ০৫

### লেকচার টপিক

- পদ প্রকরণ
- বিভিন্ন শব্দের অর্থ
- বিপরীত শব্দ

## পদ প্রকরণ

**পদ:** বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে।

**শ্রেণিবিভাগ:** পদ প্রধানত দুই প্রকার: ১. সব্যয় পদ ও ২. অব্যয় পদ।

**সব্যয় পদ চার প্রকার:** ১. বিশেষ্য ২. বিশেষণ ৩. সর্বনাম ৪. ক্রিয়া

**সুতরাং পদ মোট পাঁচ প্রকার:** বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় এবং ক্রিয়া।

**সতর্কতা:** পদ বর্তমানে ৮ প্রকার; যা পূর্বে ছিলো: ৫ প্রকার।

৯ম-১০ম শ্রেণির নতুন বাংলা ব্যাকরণে সর্বমোট ৮ প্রকার পদের কথা বলা হয়েছে, যা নিম্নরূপ-
১. বিশেষ্য ২.বিশেষণ ৩. সর্বনাম ৪. ক্রিয়া
৫. ক্রিয়া বিশেষণ ৬. অনুসর্গ ৭. যোজক ৮. আবেগ।

### বিশেষ্য পদ

কোনো কিছুর নামকে বিশেষ্য পদ বলে। বাক্যের মধ্যে ব্যবহৃত যে সমস্ত পদ দ্বারা কোনো ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয়, তাদের বিশেষ্য পদ বলে।

**শ্রেণিবিভাগ:** বিশেষ্য পদ ছয় প্রকার। যথা:
১. সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য (Proper Noun)
২. জাতিবাচক বিশেষ্য (Common Noun)
৩. বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্য (Material Noun)
৪. সমষ্টিবাচক বিশেষ্য (Collective Noun)
৫. ভাববাচক বিশেষ্য (Verbal Noun)
৬. গুণবাচক বিশেষ্য (Abstract Noun)

#### সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য

যে পদ দ্বারা কোনো ব্যক্তি, ভৌগোলিক স্থান, ভৌগোলিক সংজ্ঞা এবং গ্রন্থ বিশেষের নাম প্রকাশিত হয়, তাকে সংজ্ঞা বা নামবাচক বিশেষ্য বলে। যথা

**(ক) ব্যক্তির নাম** : নজরুল, ওমর, আনিস, মাইকেল।
**(খ) ভৌগোলিক স্থানের নাম** : ঢাকা, দিল্লি, লন্ডন, মক্কা।
**(গ) ভৌগোলিক সংজ্ঞা** : (নদী, পর্বত, সমুদ্র ইত্যাদি) মেঘনা, হিমালয়, আরব সাগর।
**(ঘ) গ্রন্থের নাম** : 'গীতাঞ্জলি', 'অগ্নিবীণা', 'দেশে-বিদেশে', 'বিশ্বনবি'।

#### জাতিবাচক বিশেষ্য

যে পদ দ্বারা কোনো এক জাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন– মানুষ, গরু, পাখি, গাছ, পর্বত, নদী, ইংরেজ ইত্যাদি।

#### বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য

যে পদ দ্বারা কোনো উপাদানবাচক পদার্থের নাম বোঝায়, তাকে বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। এই জাতীয় বস্তুর সংখ্যা ও পরিমাণ নির্ণয় করা যায়। যথা– বই, খাতা, কলম, থালা, বাটি, মাটি, চাল, চিনি, লবণ, পানি ইত্যাদি।

#### সমষ্টিবাচক বিশেষ্য

যে পদ দ্বারা বেশ কিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণীর সমষ্টি বোঝায়, তা-ই সমষ্টিবাচক বিশেষ্য। যথা– সভা, জনতা, সমিতি, পঞ্চায়েত, মাহফিল, ঝাঁক, বহর, দল ইত্যাদি।

#### ভাববাচক বিশেষ্য

যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যথা– গমন (যাওয়ার ভাব বা কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ), শয়ন (শোয়ার কাজ), দেখা, শোনা ইত্যাদি।

#### গুণবাচক বিশেষ্য

যে বিশেষ্য দ্বারা কোনো বস্তুর দোষ বা গুণের নাম বোঝায়, তা-ই গুণবাচক বিশেষ্য। যথা– মধুর মিষ্টত্বের গুণ– মধুরতা, তরল দ্রব্যের গুণ - তারল্য, তিক্ত দ্রব্যের দোষ বা গুণ – তিক্ততা, তরুণের গুণ – তারুণ্য ইত্যাদি।

### বিশেষণ পদ

যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়া পদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন- সাব্বির ভালো ছাত্র।

**বিশেষণ দু'ভাগে বিভক্ত। যথা–** ১. নাম বিশেষণ ২. ভাব বিশেষণ।

## নাম বিশেষণ

যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষায়িত করে, তাকে নাম বিশেষণ বলে। যথা–

বিশেষ্যের বিশেষণ ঃ **সুস্থ-সবল** দেহকে কে না ভালোবাসে?

সর্বনামের বিশেষণ ঃ সে **রূপবান** ও **গুণবান**।

**নাম বিশেষণের প্রকারভেদ–**

| | | |
|---|---|---|
| ক. রূপবাচক | : | নীল আকাশ, সবুজ মাঠ, কালো মেঘ। |
| খ. গুণবাচক | : | চৌকস লোক, দক্ষ কারিগর। |
| গ. অবস্থাবাচক | : | তাজা মাছ, রোগা ছেলে, খোঁড়া পা। |
| ঘ. সংখ্যাবাচক | : | হাজার লোক, দশ দশা, শ টাকা। |
| ঙ. ক্রমবাচক | : | দশম শ্রেণি, সত্তর পৃষ্ঠা, প্রথমা কন্যা। |
| চ. পরিমাণবাচক | : | বিঘাটেক জমি, পাঁচ শতাংশ ভূমি, হাজার টনী জাহাজ, এক কেজি চাল, দু'কিলোমিটার রাস্তা। |
| ছ. অংশবাচক | : | অর্ধেক সম্পত্তি, ষোল আনা দখল, সিকি পথ। |
| জ. উপাদানবাচক | : | বেলে মাটি, মেটে কলসি, পাথুরে মূর্তি। |
| ঝ. প্রশ্নবাচক | : | কত দূর পথ? কেমন অবস্থা? |
| ঞ. নির্দিষ্টতাজ্ঞাপক | : | এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ। |

## ভাব বিশেষণ

যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষায়িত করে, তা-ই ভাব বিশেষণ।

**ভাব বিশেষণ চার প্রকার :**

১. ক্রিয়া বিশেষণ
২. বিশেষণের বিশেষণ বা বিশেষণীয় বিশেষণ
৩. অব্যয়ের বিশেষণ
৪. বাক্যের বিশেষণ।

### ক্রিয়া বিশেষণ

যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যথা–

ক. ক্রিয়া সংঘটনের ভাব : **ধীরে ধীরে** বায়ু বয়।
খ. ক্রিয়া সংঘটনের কাল : **পরে** একবার এসো।

### বিশেষণীয় বিশেষণ

যে পদ নাম বিশেষণ অথবা ক্রিয়া বিশেষণকে বিশেষায়িত করে, তাকে বিশেষণীয় বিশেষণ বলে।

ক. নাম-বিশেষণের বিশেষণ : **সামান্য** একটু দুধ দাও।
এ ব্যাপারে সে **অতিশয়** দুঃখিত।

খ. ক্রিয়া-বিশেষণের বিশেষণ : রকেট **অতি** দ্রুত চলে।

### অব্যয়ের বিশেষণ

যে ভাব-বিশেষণ অব্যয় পদ অথবা অব্যয় পদের অর্থকে বিশেষায়িত করে, তাকে অব্যয়ের বিশেষণ বলে। যথা– **ধিক্** তারে, **শত ধিক্** নির্লজ্জ যে জন।

### বাক্যের বিশেষণ

কখনো কখনো কোনো বিশেষণ পদ একটি সম্পূর্ণ বাক্যকে বিশেষায়িত করতে পারে, তখন তাকে বাক্যের বিশেষণ বলা হয়। যেমন– **দুর্ভাগ্যক্রমে** দেশ আবার নানা সমস্যাজালে আবদ্ধ হয়ে পড়েছে। **বাস্তবিকই** আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন।

### একই পদের বিশেষ্য ও বিশেষণ রূপে প্রয়োগ

বাংলা ভাষায় একই পদ বিশেষ্য ও বিশেষণ রূপে ব্যবহৃত হতে পারে। যেমন–

| | | | |
|---|---|---|---|
| ভালো | : | বিশেষণরূপে | – **ভালো** বাড়ি পাওয়া কঠিন। |
| | | বিশেষ্যরূপে | – আপন **ভালো** সবাই চায়। |
| মন্দ | : | বিশেষণরূপে | – **মন্দ** কথা বলতে নেই। |
| | | বিশেষ্যরূপে | – এখানে কী **মন্দটা** তুমি দেখলে? |
| পুণ্য | : | বিশেষণরূপে | – তোমার এ **পুণ্য** প্রচেষ্টা সফল হোক। |
| | | বিশেষ্যরূপে | – **পুণ্যে** মতি হোক। |
| নিশীথ | : | বিশেষণরূপে | – **নিশীথ** রাতে বাজছে বাঁশি। |
| | | বিশেষ্যরূপে | – গভীর **নিশীথে** প্রকৃতি সুপ্ত। |
| শীত | : | বিশেষণরূপে | – **শীতকালে** কুয়াশা পড়ে। |
| | | বিশেষ্যরূপে | – **শীতের** সকালে চার দিক কুয়াশায় অন্ধকার। |
| সত্য | : | বিশেষণরূপে | – **সত্য** পথে থেকে সত্য কথা বল। |
| | | বিশেষ্যরূপে | – এ এক বিরাট **সত্য**। |

## সর্বনাম পদ

বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে। সর্বনাম পদ বর্তমানে ৯ শ্রেণিতে বিভক্ত; তবে পূর্বে ১০ শ্রেণিতে বিভক্ত ছিল। যথা–

| | | |
|---|---|---|
| (১) ব্যক্তিবাচক বা পুরুষবাচক | : | আমি, আমরা, তুমি, তোমরা, সে, তারা, তাহারা, তিনি, তাঁরা, এ, এরা, ও, ওরা ইত্যাদি। |
| (২) আত্মবাচক | : | স্বয়ং, নিজে, খোদ, আপনি। |
| (৩) সামীপ্যবাচক | : | এই, এসব। |
| (৪) দূরত্ববাচক | : | ঐ, ঐসব। |
| (৫) সাকুল্যবাচক | : | সব, সকল, সমুদয়, তাবৎ। |
| (৬) প্রশ্নবাচক | : | কে, কি, কী, কাকে, কারা, কাহার, কার, কিসে? |
| (৭) অনির্দিষ্টতাজ্ঞাপক | : | কোন, কেহ, কেউ, কিছু ইত্যাদি। |
| (৮) ব্যতিহারিক | : | আপনা আপনি, নিজে নিজে, আপসে, পরস্পর ইত্যাদি। |
| (৯) সংযোগজ্ঞাপক | : | যে, যিনি, যাঁরা, যাহারা ইত্যাদি। |
| (১০) অন্যাদিবাচক | : | অন্য, অপর, পর, অমুক ইত্যাদি। |

## অব্যয় পদ

ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয় না, অর্থাৎ যা অপরিবর্তনীয় শব্দ তাই অব্যয়।

**অব্যয় প্রধানত চার প্রকার :** ১. সমুচ্চয়ী ২. অনন্বয়ী ৩. অনুসর্গ ৪. অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়

### সমুচ্চয়ী অব্যয়

যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

সমুচ্চয়ী অব্যয় আবার ৩ প্রকার। যথা:

১. সংযোজক অব্যয় ২. বিয়োজক অব্যয় ৩. সংকোচক অব্যয়

### অনন্বয়ী অব্যয়

যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন–

ক. উচ্ছ্বাস প্রকাশে: **মরি মরি**! কী সুন্দর প্রভাতের রূপ!
খ. স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে: **হ্যাঁ**, আমি যাব। **না**, আমি যাব না।
গ. সম্মতি প্রকাশে: আমি আজ **আলবৎ** যাব। **নিশ্চয়ই** পারব।
ঘ. অনুমোদন বাচকতায়: আপনি যখন বলছেন, **বেশ তো** আমি যাব।
ঙ. সমর্থনসূচক জবাবে: আপনি যা জানেন তা **তো** ঠিকই বটে।
চ. যন্ত্রণা প্রকাশে: **উঃ**! পায়ে বড্ড লেগেছে। **নাঃ**! এ কষ্ট অসহ্য।
ছ. ঘৃণা বা বিরক্তি প্রকাশে: **ছি! ছি!** তুমি এত নীচ **কী আপদ!** লোকটা যে পিছু ছাড়ে না।
জ. সম্বোধনে: '**ওগো**, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।'
ঝ. সম্ভাবনায়: 'সংশয়ে সংকল্প সদা টলে **পাছে** লোকে কিছু বলে।'
ঞ. বাক্যালংকার অব্যয়: কয়েকটি অব্যয় শব্দ নিরর্থকভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভাবর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন- কত না হারানো স্মৃতি জাগে আজও মনে।

## অনুসর্গ অব্যয়

যে সকল অব্যয় শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে কারক পদের বাচকতা প্রকাশ করে, তাদের অনুসর্গ অব্যয় বলে। যথা– ওকে **দিয়ে** এ কাজ হবে না (দিয়ে অনুসর্গ অব্যয়)। অনুসর্গ অব্যয় 'পদান্বয়ী অব্যয়' নামেও পরিচিত।

**অনুসর্গ অব্যয় দু'প্রকার :**

ⓚ বিভক্তি সূচক অব্যয় এবং ⓚ বিভক্তি রূপে ব্যবহৃত অনুসর্গ।

## অনুকার অব্যয়

যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। যথা–

| | | |
|---|---|---|
| বজ্রের ধ্বনি | ➢ | কড় কড় |
| বৃষ্টির তুমুল শব্দ | ➢ | ঝম ঝম |
| স্রোতের ধ্বনি | ➢ | কল কল |

## একই অব্যয় শব্দের বিভিন্ন অর্থে ব্যবহার

১. **আর** ☞ **পুনরাবৃত্তি অর্থে** : ও দিকে আর যাব না।
**নির্দেশ অর্থে** : বল, আর কী চাও?
**নিরাশায়** : সে দিন কি আর আসবে?
**বাক্যালংকারে** : আর কি বাজবে বাঁশি?

২. **ও** ☞ **সংযোগ অর্থে** : করিম ও রহিম দুই ভাই।
**সম্ভাবনায়** : আজ বৃষ্টি হতেও পারে।
**তুলনায়** : ওকে বলাও যা, না বলাও তা।
**স্বীকৃতি জ্ঞাপনে** : খেতে যাবে? গেলেও হয়।
**হতাশা জ্ঞাপনে** : এত চেষ্টাতেও হল না।

৩. **কি/কী** ☞ **জিজ্ঞাসায়** : তুমি কি বাড়ি যাচ্ছ?
**বিরক্তি প্রকাশে** : কী বিপদ! লোকটা যে পিছু ছাড়ে না।
**সাকুল্য অর্থে** : কি আমীর কি ফকির, একদিন সকলকেই যেতে হবে।
**বিড়ম্বনা প্রকাশে** : তোমাকে নিয়ে কী মুশকিলেই না পড়লাম।

# ক্রিয়াপদ

যে পদের দ্বারা কোনো কার্য সম্পাদন করা বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। যেমন: ⓚ সাজু স্কুলে যাবে। ⓚ সাব্বির ক্রিকেট খেলে।

**ক্রিয়ার প্রকারভেদ:**

বিবিধ অর্থে ক্রিয়াপদকে বিভিন্ন ভাগে ভাগ করা হয়ে থাকে।

১. ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে দুই ভাগে ভাগ করা যায়–
ⓚ সমাপিকা ক্রিয়া এবং ⓚ অসমাপিকা ক্রিয়া

ⓚ **সমাপিকা ক্রিয়া:** যে ক্রিয়াপদ দ্বারা বাক্যের (মনোভাবের) পরিসমাপ্তি জ্ঞাপিত হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলে। যেমন: ছেলেরা খেলা করছে। এ বছর বন্যায় ফসলের ক্ষতি হয়েছে।

ⓚ **অসমাপিকা ক্রিয়া:** যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন:
১. প্রভাতে সূর্য উঠলে .................
২. আমরা হাত-মুখ ধুয়ে ..............

২. **সকর্মক ক্রিয়া ও অকর্মক ক্রিয়া:**

যে ক্রিয়ার কর্মপদ আছে তা-ই **সকর্মক ক্রিয়া**। ক্রিয়ার সাথে কী বা কাকে দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই ক্রিয়ার কর্মপদ। কর্মপদযুক্ত ক্রিয়াই সকর্মক ক্রিয়া। যেমন: বাবা আমাকে একটি কলম কিনে **দিয়েছেন**।

যে ক্রিয়ার কর্ম নেই, তাকে **অকর্মক ক্রিয়া** বলে। যেমন: মেয়েটি **হাসে**।

**দ্বিকর্মক ক্রিয়া:** যে ক্রিয়ার দুটি কর্মপদ থাকে, তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে। দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্মপদটিকে মুখ্য বা প্রধান কর্ম এবং ব্যক্তিবাচক কর্মপদটিকে গৌণ কর্ম বলে। যেমন: বাবা আমাকে (ব্যক্তি-গৌণ কর্ম) একটি **কলম** (বস্তু-মুখ্য কর্ম) কিনে দিয়েছেন।

**সমধাতুজ কর্ম:** বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদটিকে সমধাতুজ কর্ম বা ধাতুর্থক কর্মপদ বলে। যেমন: আর কত খেলা খেলবে। মূল 'খেল' ধাতু থেকে ক্রিয়াপদ 'খেলবে' এবং কর্মপদ 'খেলা' উভয়ই গঠিত হয়েছে। তাই 'খেলা' পদটি সমধাতুজ বা ধাতুর্থক কর্ম। সমধাতুজ কর্মপদ অকর্মক ক্রিয়াকে সকর্মক করে।

**সকর্মক ক্রিয়ার অকর্মক রূপ:** প্রয়োগ বৈশিষ্ট্য সকর্মক ক্রিয়া ও অকর্মক হতে পারে। যেমন:

| অকর্মক | সকর্মক |
|---|---|
| আমি চোখে দেখি না। | আকাশে চাঁদ দেখি না। |
| ছেলেটা কানে শোনে না। | ছেলেটা কথা শোনে। |
| আমি রাতে খাব না। | আমি রাতে ভাত খাব না। |
| অন্ধকারে আমার খুব ভয় করে। | বাবাকে আমার খুব ভয় করে। |

৩. **প্রযোজক ক্রিয়া:** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়।

**প্রযোজক কর্তা:** যে ক্রিয়া প্রযোজনা করে, তাকে প্রযোজক কর্তা বলে।

**প্রযোজ্য কর্তা:** যাকে দিয়ে ক্রিয়াটি অনুষ্ঠিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলে। যেমন:

| প্রযোজক কর্তা | প্রযোজ্য কর্তা | প্রযোজক ক্রিয়া |
|---|---|---|
| মা | শিশুকে | চাঁদ দেখাচ্ছেন। |
| তুমি | খোকাকে | কাঁদিও না। |
| সাপুড়ে | সাপ | খেলায়। |

**জ্ঞাতব্য:** প্রযোজক ক্রিয়া রূপে ব্যবহৃত হলে অকর্মক প্রযোজক ক্রিয়া সকর্মক হয়।

**প্রযোজক ক্রিয়া গঠন:** প্রযোজক ক্রিয়ার ধাতু = মূল ক্রিয়ার ধাতু + আ।

যেমন: মূল ধাতু √হাস্ + আ = হাসা (প্রযোজক ক্রিয়ার ধাতু)। হাসা + চ্ছেন বিভক্তি = হাসাচ্ছেন (প্রযোজক ক্রিয়া)।

৪. **নামধাতু ও নামধাতুর ক্রিয়া:** বিশেষ্য, বিশেষণ এবং ধন্যাত্মক অব্যয়ের পরে 'আ' প্রত্যয়যোগে যেসব ধাতু গঠিত হয়, সেগুলোকে নামধাতু বলা হয়। নামধাতুর সঙ্গে পুরুষ বা কালসূচক ক্রিয়া-বিভক্তি যোগে নামধাতুর ক্রিয়াপদ গঠিত হয়। যেমন:

ক. বাঁকা (বিশেষণ) + আ (প্রত্যয়) = বাঁকা (নামধাতু)।
যথা- কঞ্চিটি বাঁকিয়ে ধর (নামধাতুর ক্রিয়াপদ)।

খ. ধ্বন্যাত্মক অব্যয়: কন কন- দাঁতটি ব্যথায় **কনকনাচ্ছে**।
ফোঁস- অজগরটি **ফোঁসাচ্ছে**।

আ– প্রত্যয় যুক্ত না হয়েও কয়েকটি নামধাতু বাংলা ভাষায় মৌলিক ধাতুর মতো ব্যবহৃত হয়। যেমন:

ফল– বাগানে বেশ কিছু লিচু **ফলেছে**।
টক– তরকারি বাসি হলে **টকে**।
ছাপা– আমার বন্ধু বইটা **ছেপেছে**।

**৫. যৌগিক ক্রিয়া:** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন:

ক. তাগিদ দেওয়া অর্থে : ঘটনাটা **শুনে রাখ**।
খ. নিরন্তরতা অর্থে : তিনি **বলতে লাগলেন**।
গ. কার্যসমাপ্তি অর্থে : ছেলেমেয়েরা **শুয়ে পড়ল**।
ঘ. আকস্মিকতা অর্থে : সাইরেন **বেজে উঠল**।
ঙ. অভ্যস্ততা অর্থে : শিক্ষায় মন সংস্কারমুক্ত **হয়ে থাকে**।
চ. অনুমোদন অর্থে : এখন **যেতে পার**।

**৬. মিশ্র ক্রিয়া:** বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর্, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়্, ধর্, মার্ প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। যেমন:

| | |
|---|---|
| ক. বিশেষ্যের উত্তর (পরে) | আমরা তাজমহল **দর্শন করলাম**।<br>এখন **গোল্লায় যাও**। |
| খ. বিশেষণের উত্তর (পরে) | তোমাকে দেখে বিশেষ **প্রীত** হলাম। |
| গ. ধ্বন্যাত্মক অব্যয়ের উত্তর (পরে) | মাথা ঝিম্ **ঝিম্ করছে**।<br>ঝম্ ঝম্ করে **বৃষ্টি পড়ছে**। |

## এক কথায় প্রশ্নোত্তর

**১. 'তুমি না সেদিন বাড়ি গিয়েছিল'? এখানে 'না' ক অর্থে ব্যবহার হয়েছে?**
উত্তর: নিশ্চয়তা।

**২. 'আবার যেতে হবে' কোন বিশেষণ অর্থে ব্যবহার হয়েছে?**
উত্তর: ভাব বিশেষণ।

**৩. দ্বারা, দিয়া, এগুলো কোন অব্যয় পদ?**
উত্তর: অনুসর্গ অব্যয়।

**৪. কোনটি ধ্বন্যাত্মক অব্যয়?**
উত্তর: ঝমঝম।

**৫. 'তিনটি বছর' – এখানে 'তিনটি' কোন পদ?**
উত্তর: বিশেষণ।

**৬. ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগ করলে কোন পদ গঠিত হয়?**
উত্তর: বিশেষণ।

**৭. কোনটি অংশবাচক বিশেষণ?**
উত্তর: অর্ধেক সম্পত্তি।

**৮. 'যেমন কর্ম তেমন ফল' বাক্যটি কী?**
উত্তর: সাপেক্ষ সর্বনাম।

**৯. বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না?**
উত্তর: অব্যয়।

**১০. বাক্যের অপরিহার্য পদ কোনটি?**
উত্তর: ক্রিয়াপদ।

**১১. শয়ন, গমন কী বাচক বিশেষ্য?**
উত্তর: ভাববাচক বিশেষ্য।

**১২. বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে কী বলে?**
উত্তর: পদ।

**১৩. 'এ মাটি সোনার বাড়া' এখানে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে?**
উত্তর: বিশেষণের অতিশায়ন।

**১৪. 'রাশি রাশি ধান' এখানে 'রাশি রাশি' কী অর্থে বিশেষণ?**
উত্তর: নির্ধারক বিশেষণ।

**১৫. 'পাথর' শব্দটির বিশেষণ রূপ কোনটি?**
উত্তর: পাথুরে।

**১৬. 'জীবন' শব্দের বিশেষণ রূপ কোনটি?**
উত্তর: জীবনী।

**১৭. 'বেলে মাটি' কী বাচক বিশেষণ পদ?**
উত্তর: উপাদান বাচক।

**১৮. 'লোকটি দরিদ্র কিন্তু সৎ'- এখানে 'কিন্তু' কোন অব্যয়?**
উত্তর: সংকোচক অব্যয়।

**১৯. আমি, আমরা- এগুলো কোন সর্বনাম পদ?**
উত্তর: ব্যক্তিবাচক।

**২০. ব্যতিহারিক সর্বনাম কোনটি?**
উত্তর: নিজে নিজে।

**২১. সংযোগজ্ঞাপক সর্বনাম কোনটি?**
উত্তর: যে।

**২২. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ?**
উত্তর: যথা ধর্ম তথা জয়।

**২৩. 'লেখাপড়া কর, নতুবা ফেল করবে'- এখানে নতুবা কোন অব্যয়?**
উত্তর: বিয়োজক অব্যয়।

**২৪. 'কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না'। বাক্যটিতে কী প্রকাশ পেয়েছে?**
উত্তর: বিরক্তি।

**২৫. মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ! 'মরি মরি' কী ধরনের অব্যয়?**
উত্তর: অনন্বয়ী অব্যয়।

**২৬. 'কড় কড়' কোন অব্যয়?**
উত্তর: অনুকার।

**২৭. কোনটি বিশেষ্য পদ?**
উত্তর: গাম্ভীর্য।

**২৮. 'জনতা' শব্দটি কী বাচক বিশেষ্য?**
উত্তর: সমষ্টিবাচক।

**২৯. কোনটি গুণবাচক বিশেষ্য?**
উত্তর: তারুণ্য।

**৩০. চাউল, চিনি এগুলো কী বাচক বিশেষ্য?**
উত্তর: বস্তুবাচক বিশেষ্য।

**৩১. পদ প্রধানত কত প্রকার?**
উত্তর: ২ প্রকার।

**৩২. 'পর্বত' কী বাচক বিশেষ্য পদ?**
উত্তর: জাতিবাচক বিশেষ্যপদ।

**৩৩. "সুন্দর মাত্রই একটা আকর্ষণ শক্তি আছে" এখানে সুন্দর কোন পদ?**
উত্তর: বিশেষ্য পদ।

## Teacher's Work

**১. কোন অব্যয় বিশেষ্য ও সর্বনাম পদের পরে যুক্ত হয়ে বিভক্তির কাজ করে?** [১৮তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক) সংযোজক খ) সমুচ্চয়ী গ) অনুকার ঘ) অনুসর্গ

**২. 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে'। -বাক্যটিতে 'সুন্দর' শব্দটি কোন পদ?** [১৫তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) অব্যয়

**৩. বিশেষ্য পদ কত প্রকার?** [বাংলাদেশ ডাক বিভাগ (পোস্টম্যান/রানার/ অফিস সহায়ক)- ২০২৪]
ক) ২ খ) ৪ গ) ৬ ঘ) ৭

**৪. নিচের কোনটি বিশেষণ পদ?** [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী-২০২৪]
ক) মহত্ত্ব খ) সতীত্ব গ) সৎ ঘ) সৌন্দর্য

**৫. 'নিশীথ রাতে বাজছে বাঁশি' বাক্যে 'নিশীথে' কোন পদ?** [বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংক, সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ)-'২৩]
ক) বিশেষণের বিশেষণ খ) বিশেষ্যের বিশেষণ গ) বিশেষ্য ঘ) বিশেষণ

**৬. 'বুনো' শব্দটি কোন পদ?** [সাধারণ বীমা কর্পোরেশন, উচ্চমান সহকারী-'২৩]
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) অব্যয় ঘ) কোনোটিই নয়

**৭. 'তুমি এতক্ষণ কী কী করেছ'? এ বাক্যে কী কোন পদ?** [পিএসসি নন-ক্যাডার, সহকারী কাস্টোডিয়ান/গবেষণা সহকারী-'২৩]
ক) বিশেষণ খ) সর্বনাম গ) অব্যয় ঘ) ক্রিয়া

**৮. বাংলা ভাষায় কত প্রকার অব্যয় শব্দ রয়েছে?** [বাংলাদেশ ডাক বিভাগ ( পোস্টম্যান/রানার/অফিস সহায়ক)-২০২৪]
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৬

**৯. 'সূর্য উঠলে আঁধার দূরীভূত হয়'- এখানে 'উঠলে' কোন ক্রিয়া পদ?** [মা.উ.কি. অ. (হিসাব সহকারী)'২৩]
ক) প্রযোজ্য খ) অসমাপিকা গ) প্রযোজক ঘ) সমাপিকা

## বিভিন্ন শব্দের অর্থ

যেসব শব্দের অর্থ অভিন্ন বা প্রায় সমান, সেসব শব্দকে প্রতিশব্দ বলে।

### অ-আ

| মূলশব্দ | প্রতিশব্দ |
|---|---|
| অনুপম | মনোরম |
| অনীক | সৈনিক/সৈন্যদল |
| অপলাপ | অস্বীকার |
| অধমর্ণ | ঋণী |
| অবিহিত | অনুচিত |
| অর্বাচীন | মূর্খ, নবীন, অপরিণত বুদ্ধি |
| অত্যহিত | অতি অনিষ্ট/সর্বনাশ |
| অপোগণ্ড | শিশু, অল্পবয়স্ক, অকর্মণ্য, অপদার্থ |
| অভিরাম | সুন্দর,রমণীয়, মনোরম |
| আসার | প্রবল বৃষ্টিপাত/জলকণা |
| অলীক | অসত্য, মিথ্যা |
| আভরণ | অলংকার |
| অমরাবতী | স্বর্গ |
| অতিশয় | সদাশয় |
| অভিরুচি | ইচ্ছা |
| অগ্নি-সহ | যা আগুনে পোড়ে না |
| আশিস | আশীর্বাদ |
| অষ্টরম্ভা | শূন্য বা ফাঁকি |

### ই-উ

| | |
|---|---|
| ইত্তেফাক | সম্প্রীতি, মিল, ঐক্য |
| উপাধান | বালিশ |
| উত্তম | উৎকৃষ্ঠ/শ্রেষ্ঠ |
| ঊর্ণাজাল | মাকড়সার তৈরি জাল |
| উচ্ছগ্যু | উৎসর্গ |
| উপক্রম | সূত্রপাত |
| ইনকিলাব | বিপ্লব / আন্দোলন |
| উদীচী | উত্তর দিক |
| এপিটাফ | সমাধি-লিপি |
| উদ্যত | বলিষ্ঠ |
| উপরোধ | অনুরোধ |
| উচাটন | উৎকণ্ঠা |

### ক-খ

| | |
|---|---|
| কাদম্বিনী | মেঘমালা |
| কপর্দকহীন | নিঃস্ব |
| কানাসোঁআ | কানায় কানায় পূর্ণ |
| কালকূট | তীব্রবিষ |
| কার্তিক | রূপবান, সুন্দর চেহারাবিশিষ্ট |
| ক্রোশ | তিন কিলোমিটার |
| কুজ্ঝটিকা | কুয়াশা |
| কর্বূর/কর্বুর | রাক্ষস |

## গ-ঘ

| | |
|---|---|
| গুড়গুড়ি | ফরসি / নলযুক্ত হুঁকা |
| গলাধঃকরণ | গিলে ফেলা |
| গুবাক | সুপারী/সুপারীগাছ |

## চ, জ - ন

| | |
|---|---|
| দৌবারিক | দারোয়ান |
| তণ্ডুল | চাল |
| জাঙ্গাল | বাঁধ |
| জঙ্গম | গতিশীল |
| দাখিলা | খাজনার রশিদ |
| টীকা ভাষ্য | ব্যাখ্যা বিশ্লেষণ |

## প

| | |
|---|---|
| পরাহত | পরাজিত |
| পাণি গ্রহণ | বিবাহ, পরিণয়, পাণি পীড়ন |
| প্রকর্ষ | উৎকর্ষ |
| পল্লব গ্রাহিতা | ভাসা ভাসা জ্ঞান |
| প্রস্রবণ | ঝরনা, ফোয়ারা, নির্ঝর |
| প্রাংশু | দীর্ঘকায় |
| পঞ্চম স্বর | কোকিলের সুরলহরী |
| পরার্থ | পরোপকার |
| প্রথিতযশা | খ্যাতনামা |

## ব-ভ

| | |
|---|---|
| বানি | গয়না তৈরির মজুরি |
| বেসাতি | কেনাবেচা |
| ভিষক | চিকিৎসক |

## ম-ল

| | |
|---|---|
| মৃগয়া | হরিণ শিকার |
| রসাতল | ধ্বংস |
| মুখচোরা | লাজুক |
| মাধবী | বাসন্তী ফুল |
| লুব্ধ | লোলুপ |

## শ

| | |
|---|---|
| শকট | গাড়ী |
| শিষ্টাচার | সদাচার |
| শুক্তি | ঝিনুক |
| শ্বশ্রূ | শাশুড়ি |

## স-হ

| | |
|---|---|
| সুপ্ত | নিদ্রিত |
| সম্মার্জনী | ঝাঁটা |
| সায়ন্তন | সন্ধ্যা |
| সওগাত | উপহার |
| সপ্তসুর | সাতটি সুর |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'বামেতর ' এর প্রতিশব্দ কোনটি?**
**উত্তর:** ডান ।

২. **ঘোড়া'র প্রতিশব্দ কোনটি?**
**উত্তর:** ঘোটক।

৩. **'আত্মজ' শব্দের প্রতিশব্দ কোনটি?**
**উত্তর:** পুত্র।

৪. **'শিখণ্ডী' এর প্রতিশব্দ কোনটি?**
**উত্তর:** ময়ূর।

৫. **'স্ফুরণ' শব্দের প্রতিশব্দ কোনটি?**
**উত্তর:** উচ্ছ্বাস।

৬. **'সমভিব্যাহার' এর প্রতিশব্দ কোনটি?**
**উত্তর:** একত্রে গমন ।

## Teacher's Work

১. **'শীকর' শব্দের অর্থ–** [১৮তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ⓚ গাছের ফুল ⓛ মেনে নেয়া ⓜ জলকণা ⓝ রাজত্ব

২. **'বিবর' শব্দের অর্থ কী?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা(৩য় পর্যায়)-২০২৪]
ⓚ চূড়া ⓛ বরহীনা ⓜ বরহীন ⓝ গহ্বর

৩. **'বেসাতি' শব্দের প্রকৃত অর্থ কোনটি?** [সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (প্রথম ধাপ)-২০২৩]
ⓚ বস্ত্র ⓛ আশ্রয় ⓜ নির্লজ্জতা ⓝ কেনাবেচা

৪. **অভিরাম শব্দের অর্থ কী?** [পিএসসির জুনিয়র ইন্সট্রাক্টর- ২৩]
ⓚ অনবরত ⓛ উদাসীন ⓜ সুন্দর ⓝ মিথ্যা

# বিপরীত শব্দ

**বিপরীত শব্দ:** যেসব শব্দ পরস্পর বিপরীত অর্থ প্রকাশ করে, সেগুলোকে বিপরীত শব্দ বলে। যেমন−

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| উপচয় | অপচয় | সঞ্চয় | অপচয় |
| কৃতজ্ঞ | অকৃতজ্ঞ | উন্নত | অবনত |
| চেতন | অচেতন | উৎকর্ষ | অপকর্ষ |
| জ্ঞানী | মূর্খ | সুলভ | দুর্লভ |
| ধর্ম | অধর্ম | সুশীল | দুঃশীল |
| নশ্বর | অবিনশ্বর | আস্তিক | নাস্তিক |
| শিষ্ট | অশিষ্ট | উৎসাহ | নিরুৎসাহ |
| স্থাবর | অস্থাবর | দোষী | নির্দোষ |
| অভিজ্ঞ | অনভিজ্ঞ | সবল | দুর্বল |
| আচার | অনাচার | সচেষ্ট | নিশ্চেষ্ট |
| আত্মীয় | অনাত্মীয় | সদয় | নির্দয় |
| আবশ্যক | অনাবশ্যক | সরল | কুটিল |
| আবিল | অনাবিল | সাকার | নিরাকার |
| ইচ্ছা | অনিচ্ছা | অনুরক্ত | বিরক্ত |
| ইষ্ট | অনিষ্ট | অনুরাগ | বিরাগ |
| কলুষ | নিষ্কলুষ | ইহলোক | পরলোক |
| উপস্থিত | অনুপস্থিত | উপকার | অপকার |
| উদয় | অস্ত | কোমল | কর্কশ |
| এলোমেলো | গোছানো | গৃহী | সন্ন্যাসী |
| কৃত্রিম | স্বাভাবিক | ঘাত | প্রতিঘাত |
| তিরস্কার | পুরস্কার | জড় | চেতন |
| নিদ্রিত | জাগ্রত | জোয়ার | ভাটা |
| বেহেশত | দোযখ | দীর্ঘ | হ্রস্ব |
| ভীরু | নির্ভীক | নিন্দা | প্রশংসা |
| মিলন | বিরহ | বাচাল | স্বল্পভাষী |
| শীঘ্র | বিলম্ব | ভূত | ভবিষ্যৎ |
| স্থির | চঞ্চল | মুখ্য | গৌণ |
| স্বতন্ত্র | পরতন্ত্র | রুগ্ণ | সুস্থ |
| হরণ | পূরণ | সত্য | মিথ্যা |
| হাসি | কান্না | সুন্দর | কুৎসিত |
| কড়ি | কোমল | স্মৃতি | বিস্মৃতি |
| কলঙ্ক | সুনাম/খ্যাতি | স্বর্গ | নরক |
| কার্য | অকার্য | কনিষ্ঠ | জ্যেষ্ঠ |
| কুখ্যাত | সুখ্যাত | কেলেঙ্কারি | খ্যাতি |
| কাজ | অকাজ | কেজো | অকেজো |
| চেনা | অচেনা | জানা | অজানা |
| লক্ষ্মী | অলক্ষ্মী | শান্ত | অশান্ত |
| শুভ | অশুভ | শ্রদ্ধা | অশ্রদ্ধা |
| অন্ত | অনন্ত | অতিবৃষ্টি | অনাবৃষ্টি |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| আদর | অনাদর | আস্থা | অনাস্থা |
| যশ | অপযশ | সবল | দুর্বল |
| সুকৃত | দুষ্কৃত | সুখ | দুঃখ |
| আসল | নকল | লায়েক | নালায়েক |
| খুঁত | নিখুঁত | খোঁজ | নিখোঁজ |
| বিরত | নিরত | অন্তরঙ্গ | বহিরঙ্গ |
| আশা | নিরাশা | অধমর্ণ | উত্তমর্ণ |
| অর্থ | অনর্থ | ধনী | নির্ধন, দারিদ্র |
| রোগ | নীরোগ | সম্বল | নিঃসম্বল |
| সরস | নীরস | আকর্ষণ | বিকর্ষণ |
| পথ | বিপথ | বাদি | বিবাদি |
| যুক্ত | বিযুক্ত | সফল | বিফল |
| সুশ্রী | বিশ্রী | ঠিক | বেঠিক |
| তাল | বেতাল | হাল | বেহাল |
| হুঁশ | বেহুঁশ | অগ্র | পশ্চাৎ |
| অচল | সচল | অনুকূল | প্রতিকূল |
| অন্তর | বাহির | অধম | উত্তম |
| অল্প | অধিক | আকুঞ্চন | প্রসারণ |
| আগে | পিছে | আপদ | নিরাপদ |
| আপন | পর | আদান | প্রদান |
| আদি | অন্ত | আবির্ভাব | তিরোভাব |
| আমদানি | রপ্তানি | আয় | ব্যয় |
| অজ্ঞ | বিজ্ঞ | অনুরক্ত | বিরক্ত |
| ডোবা | ভাসা | উচ্চ | নিচ |
| উত্থান | পতন | উদয় | অস্ত |
| উন্নতি | অবনতি | ঊর্ধ্ব | অধ |
| ওঠা | নামা | ওস্তাদ | সাগরেদ |
| ক্রয় | বিক্রয় | ক্ষুদ্র | বৃহৎ |
| খাঁটি | ভেজাল | খাতক | মহাজন |
| খুচরা | পাইকারি | খোলা | বন্ধ |
| গরিষ্ঠ | লঘিষ্ঠ | গুরু | লঘু |
| গ্রহণ | বর্জন | ঘাটতি | বাড়তি |
| ঘাত | প্রতিঘাত | চোর | সাধু |
| চোখা | ভোঁতা | ছাত্র | অছাত্র |
| জন্ম | মৃত্যু | জয় | পরাজয় |
| ভোঁতা | ধারালো | আসল | নকল |
| ইতর | ভদ্র | ইদানীং | তদানীং |
| লঘু | গুরু | লাভ | ক্ষতি, লোকসান |
| তেজী | নিস্তেজ | দাতা | গ্রহীতা |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| দিন | রাত | দুষ্ট | শিষ্ট |
| দূর | নিকট | দেওয়া | নেওয়া |
| দেনা | পাওনা | ধনী | নির্ধন, গরিব |
| নতুন | পুরাতন | নরম | শক্ত |
| নিন্দা | প্রশংসা | বন্ধন | মুক্তি |
| বন্ধু | শত্রু | বর | বৌ |
| বর্ধমান | ক্ষীয়মাণ | বড় | ছোট |
| বাচাল | স্বল্পভাষী | জীবন | মরণ |
| বোকা | চালাক | ব্যর্থ | সার্থক |
| ভয় | সাহস | ভিতর | বাহির |
| ভীরু | সাহসী | উত্তর | দক্ষিণ |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| উপকার | অপকার | মান | অপমান |
| ইহলোক | পরলোক | ইহা | উহা |
| শত্রু | মিত্র | সমষ্টি | ব্যাষ্টি |
| সৃষ্টি | ধ্বংস | সুন্দর | কুৎসিত |
| স্বকীয় | পরকীয় | স্বাধীন | পরাধীন |
| হার | জিত | হাল্কা | ভারি |
| হ্রাস | বৃদ্ধি | টাটকা | বাসি |
| মৃদু | প্রবল | ঠকা | জেতা |
| রাজা | প্রজা | ঠাণ্ডা | গরম |
| জাগরিত | নিদ্রিত | পূর্ব | পশ্চিম |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'স্থাবর' এর বিপরীত শব্দ কী?**
**উত্তর:** জঙ্গম।

২. **অমরাবতী এর বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** নরক।

৩. **'আবির্ভাব' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** তিরোভাব।

৪. **'খাতক' শব্দের বিপরীত শব্দ কী?**
**উত্তর:** মহাজন।

৫. **অপসৃয়মান শব্দটির বিপরীত কী?**
**উত্তর:** উদীয়মান।

৬. **ঈদৃশ এর বিপরীত শব্দ কী?**
**উত্তর:** তাদৃশ।

৭. **'উত্তরণ' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** অবতরণ।

৮. **'কর্কশ' এর বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** কোমল।

৯. **'প্রতীচ্য' শব্দের বিপরীত শব্দ কী?**
**উত্তর:** প্রাচ্য।

## Teacher's Work

১. **'জরা' এর বিপরীতার্থক শব্দ–** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা(৩য় পর্যায়)-২০২৪]
ক জীবন খ মৃত্যু গ যৌবন ঘ পতিত

২. **'অলীক' এর বিপরীত শব্দ কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন (কলেজ পর্যায়)-২০২৪]
ক মিথ্যা খ সত্য গ সচল ঘ হিংসা

৩. **'ভূত' শব্দের বিপরীতার্থক শব্দ কী?** [১৮ তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২০২৪]
ক প্রেত খ বর্তমান গ ভবিষ্যৎ ঘ অতীত

৪. **'অনাবিল' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২০২৪]
ক অননাবিল খ আবিল গ আবিলতা ঘ অন্যগত

৫. **'সরল' শব্দের বিপরীতার্থক নয় নিচের কোনটি?** [৪৫তম বিসিএস]
ক কুটিল খ জটিল গ বক্র ঘ গরল




১. 'লবণ' শব্দের বিশেষণ-
ক লবণীয় খ লবনাক্ত
গ লবণাক্ত ঘ লাবণ্য **গ**

২. নিচের কোনটি নামবাচক বিশেষ্য?
ক হিমালয় খ সততা
গ সাগর ঘ সমিতি **ক**

৩. চাউল, চিনি, কাঠ এগুলো কী বাচক বিশেষ্য?
ক বস্তুবাচক খ ব্যক্তিবাচক
গ সমষ্টিবাচক ঘ জাতিবাচক **ক**

৪. 'আপন ভাল সবাই চায়' -বাক্যটিতে 'ভাল' কী পদ?
ক বিশেষণ খ সর্বনাম
গ অব্যয় ঘ বিশেষ্য **ঘ**

৫. 'হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান।' -এখানে 'দারিদ্র্য' কোন পদ?
ক বিশেষণ খ নির্দেশক
গ বিশেষ্য ঘ সর্বনাম **গ**

৬. 'অভ্যস্ত' শব্দটি কোন পদ?
ক সর্বনাম খ অব্যয়
গ বিশেষ্য ঘ বিশেষণ **ঘ**

৭. 'এপিটাফ' শব্দের অর্থ–
ক শোক কবিতা খ গীতিকা
গ সমাধি-লিপি ঘ মানপত্র **গ**

৮. 'কুজ্ঝটিকা' শব্দের অর্থ হলো–
ক কুয়াশা খ অনুকার
গ প্রভাকর ঘ শৈল **ক**

৯. 'কালকূট' শব্দের অর্থ–
ক ইন্ধনদাতা খ সংবাদদাতা
গ তীব্র বিষ ঘ তীব্র শীত **গ**

১০. "শাকে দিনু কানাসোঁআ পানি"– 'কানাসোঁআ' শব্দের অর্থ–
ক কানছোঁয়া খ কান পর্যন্ত
গ কানায় কানায় পরিপূর্ণ ঘ কানে শোনা **গ**

১১. 'কিরীট' শব্দের অর্থ–
ক সাপ খ বৃক্ষ
গ পতঙ্গ ঘ মুকুট **ঘ**

১২. 'ক্রোশ' শব্দের অর্থ কী?
ক ক্ষোভ খ রাগ
গ আড়াআড়ি ঘ দুই মাইল
ঙ তিন কিলোমিটার **ঙ**

১৩. 'ভরা নদী ক্ষুরধারা খরপরশা'– 'খরপরশা' শব্দ দ্বারা কী বোঝানো হয়েছে?
ক গভীর খ তীব্র
গ পরিষ্কার ঘ ধারালো **ঘ**

১৪. 'উলামা' শব্দের অর্থ–
ক সূর্য খ নক্ষত্র গ জ্ঞানী ঘ গোঁড়া **গ**

১৫. 'তাপ' শব্দের বিপরীতার্থক শব্দ–
ক শৈত্য খ শীতল
গ উত্তাপ ঘ হিম **ক**

১৬. 'দারিদ্র্য' এর বিপরীতার্থক শব্দ–
ক সম্পন্ন খ ধনী
গ ঐশ্বর্য ঘ উন্নয়ন **গ**

১৭. 'অর্বাচীন' শব্দের অর্থ কী?
ক বোকা খ মূর্খ
গ নির্বোধ ঘ সরল **খ**

১৮. 'আবিল' শব্দের অর্থ কী?
ক স্বচ্ছ খ স্বাভাবিক
গ কলুষিত ঘ অস্বাভাবিক **গ**

১৯. 'হরিৎ' অর্থ–
ক হলুদ খ লাল
গ সবুজ ঘ নীল **গ**

২০. 'ট্যাবু' শব্দের অর্থ কোনটি?
ক বংশ খ নিষিদ্ধ
গ বিধান ঘ আদেশ **খ**

২১. 'শুক্তি' শব্দের অর্থ–
ক মাছ খ ঝিনুক
গ স্বচ্ছ ঘ সুতোর কাজ **খ**

২২. 'বিনীত'-এর বিপরীতার্থক শব্দ কী?
ক অবিনীত খ দুর্বিনীত
গ অবিনত ঘ অভদ্র **খ**

২৩. 'হরণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক পূরণ খ গ্রহণ
গ মুক্ত ঘ কোনোটিই নয় **ক**

২৪. বাক্যের মধ্যে যে শব্দ বা শব্দাংশ অপরিবর্তনীয়, তা হলো-
ক অব্যয় খ অনুকার
গ ঐকিক ঘ ধ্রুব **ক**

২৫. 'অভিপ্রেত' বিশেষণের বিশেষ্য পদ-
ক অভীপ্সা খ অভীক্ষা
গ অভিপ্রায় ঘ অভিশ্রুতি **গ**

২৬. 'নিপুণ' ও 'দরিদ্র' শব্দের বিশেষ্য রূপ-
ক নৈপুণ্য ও দারিদ্রতা খ নৈপুণ্যতা ও দারিদ্র
গ নৈপুণ্য ও দারিদ্র্য ঘ নৈপুণ্যতা ও দারিদ্রতা **গ**

২৭. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' -এখানে 'টাপুর টুপুর' কীরূপ অব্যয়?
ক অনুকার খ সংযোজক
গ পদান্বয়ী ঘ অনন্বয়ী **ক**

২৮. 'শরণ' শব্দের অর্থ কী?
ক রাস্তা খ মনে করা
গ বিপদ ঘ আশ্রয় **ঘ**

২৯. 'আকিঞ্চন' শব্দটির অর্থ–
ক নিঃস্ব খ অনাবৃত
গ নির্ভাজ ঘ নির্দয় **ক**

৩০. 'অরুন্তুদ' শব্দের অর্থ–
ক ভয়ংকর খ মর্মান্তিক
গ রাজকীয় ঘ পিপাসিত **খ**

৩১. 'দৌবারিক' শব্দের অর্থ কী?
ক দাবাড়ু খ দৌড়দিন
গ দারোয়ান ঘ ডাকবাহক **গ**

৩২. **'দাখিলা' শব্দের অর্থ–**
ⓚ মাদরাসার পরীক্ষা ⓚ দখলদার
ⓖ খাজনার রশিদ ⓘ অন্যের জমি দখল **গ**

৩৩. **'অগ্নি-সহ' শব্দের অর্থ–**
ⓚ ধূমপানের উপকরণ ⓚ দেয়াশলাই
ⓖ যাতে আগুন লাগে ⓘ যা আগুনে পোড়ে না **ঘ**

৩৪. **'অধমর্ণ' শব্দের অর্থ–**
ⓚ মারা ⓚ আধমারা
ⓖ বিনয়ী ⓘ ঋণী **ঘ**

৩৫. **'অপোগণ্ড' শব্দের অর্থ নয়–**
ⓚ অপ্রাপ্তবয়স্ক ⓚ অপদার্থ
ⓖ দরিদ্র ⓘ অকর্মণ্য **গ**

৩৬. **'অনীক' শব্দের অর্থ–**
ⓚ সূর্য ⓚ সমুদ্র
ⓖ যুদ্ধক্ষেত্র ⓘ সৈনিক **ঘ**

৩৭. **'অনুপম' এর সমার্থক শব্দ কোনটি?**
ⓚ অকল্পনীয় ⓚ মনোরম
ⓖ অতুল্য ⓘ অপরিমিত **খ**

৩৮. **কোনটি 'উচাটন' শব্দের সমার্থক শব্দ?**
ⓚ উৎপাটিত ⓚ উৎকণ্ঠা
ⓖ উদ্দীপন ⓘ বন্ধনহীন **খ**

৩৯. **'অনুরক্ত'-এর বিপরীত শব্দ কোনটি?**
ⓚ আসক্ত ⓚ সংসক্ত
ⓖ আরক্ত ⓘ বিরক্ত **ঘ**

৪০. **'অর্পণ' এর বিপরীত শব্দ কোনটি?**
ⓚ অনুপচর ⓚ গ্রহণ
ⓖ উপচর্য ⓘ অবচয় **খ**



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

১. **'বঙ্কিম' এর বিপরীত শব্দ কোনটি?** [৪৬তম বিসিএস]
ⓚ বন্ধুর ⓚ অসম
ⓖ সুষম ⓘ ঋজু **ঘ**

২. **'সরল' শব্দের বিপরীতার্থক নয় নিচের কোনটি?** [৪৫তম বিসিএস ও ৩৯তম বিসিএস]
ⓚ গরল ⓚ কুটিল
ⓖ জটিল ⓘ বক্র **ক**

৩. **'অধিত্যকা' এর বিরীতার্থক শব্দ কোনটি?** [৪২তম বিসিএস]
ⓚ উপত্যকা ⓚ ধিত্যকা
ⓖ পার্বত্য ⓘ সমতল **ক**

৪. **'ঐহিক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [৪২তম বিসিএস]
ⓚ ঈদৃশ ⓚ পারত্রিক
ⓖ মাঙ্গলিক ⓘ আকস্মিক **খ**

৫. **কোন শব্দযুগল বিপরীতার্থক নয়?** [৪০তম বিসিএস]
ⓚ ঐচ্ছিক-অনাবশ্যিক ⓚ কুটিল-সরল
ⓖ কম-বেশী ⓘ কদাচার-সদাচার **ক**

৬. **'ঊর্ণনাভ'- শব্দটি দিয়ে বোঝায়–** [৪০তম বিসিএস]
ⓚ টিকটিকি ⓚ তেলাপোকা
ⓖ উইপোকা ⓘ মাকড়সা **ঘ**

৭. **'অভিরাম' শব্দের অর্থ কী?** [৪০তম বিসিএস; বেপজা (BEPZA)-এর সহকারী ব্যবস্থাপক'২১]
ⓚ বিরামহীন ⓚ বালিশ ⓖ চলন ⓘ সুন্দর **ঘ**

৮. **'এ যে আমাদের চেনা লোক।' বাক্যে 'চেনা' কোন পদ?** [৩৬তম বিসিএস]
ⓚ বিশেষ্য ⓚ অব্যয় ⓖ ক্রিয়া ⓘ বিশেষণ **ঘ**

৯. **নিচের কোনটি বিশেষ্য পদ?** [৩৬তম বিসিএস]
ⓚ জাত ⓚ গৈরিক
ⓖ উদ্ধত ⓘ গাম্ভীর্য **ঘ**

১০. **কোন শব্দজোড় বিপরীতার্থক নয়?** [৩৫তম বিসিএস]
ⓚ অনুলোম-প্রতিলোম ⓚ নশ্বর-শাশ্বত
ⓖ গরিষ্ঠ-লঘিষ্ঠ ⓘ হৃষ্ট-পুষ্ট **ঘ**

১১. **'গ্রহী' শব্দের বিপরীত শব্দ-** [৩৩তম বিসিএস]
ⓚ সংসারী ⓚ সঞ্চয়ী
ⓖ সংস্থিতি ⓘ সন্ন্যাসী **ঘ**

১২. **'ক্ষীয়মাণ' এর বিপরীতার্থক শব্দ-** [২৫তম বিসিএস]
ⓚ বৃহৎ ⓚ বর্ধিষ্ণু
ⓖ বর্ধমান ⓘ বৃদ্ধিপ্রাপ্ত **গ**

১৩. **'তুমি এতক্ষণ কী করেছ?' এই বাক্যে 'কী' কোন পদ?** [২৪তম বিসিএস]
ⓚ বিশেষণ ⓚ অব্যয় ⓖ সর্বনাম ⓘ ক্রিয়া **গ**

১৪. **'জঙ্গম' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [২৪তম বিসিএস]
ⓚ অরণ্য ⓚ সমুদ্র
ⓖ পর্বত ⓘ স্থাবর **ঘ**

১৫. **'তুমি না বলেছিলে আগামীকাল আসবে' – এখানে 'না' এর ব্যবহার কী অর্থে?** [২৪তম বিসিএস]
ⓚ না-বাচক ⓚ হ্যাঁ-বাচক
ⓖ প্রশ্নবোধক ⓘ বিস্ময়সূচক **খ**

১৬. **নিচের বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ? 'সুন্দরের একটি নিজস্ব আকর্ষণ শক্তি আছে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ⓚ বিশেষণ ⓚ ক্রিয়া বিশেষণ
ⓖ বিশেষ্য ⓘ সর্বনাম **গ**

১৭. **'লাজ' কোন ধরনের শব্দ?** [২৪তম বিসিএস]
ⓚ বিশেষ্য ⓚ বিশেষণ
ⓖ ক্রিয়া বিশেষণ ⓘ বিশেষ্যের বিশেষণ **ক**

১৮. **যে পদে বাক্যে ক্রিয়াপদটির গুণ, প্রকৃতি, তীব্রতা ইত্যাদি প্রকৃতিগত অবস্থা বোঝায়, তাকে বলা হয়–** [২৩তম বিসিএস]
ⓚ ক্রিয়াবাচক বিশেষ্য ⓚ ক্রিয়া বিশেষ্যজাত বিশেষণ
ⓖ ক্রিয়া বিশেষণ ⓘ ক্রিয়া বিভক্তি **গ**

১৯. **ক্রিয়াপদ–** [২১তম বিসিএস]
ⓚ সব সময় বাক্যে থাকবে
ⓚ কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে
ⓖ শুধু অতীতকাল বোঝাতে বাক্যে ব্যবহৃত হয়
ⓘ আসলে বিশেষণ থেকে অভিন্ন **খ**

২০. **পদ বলতে কী বোঝায়?** [২০তম বিসিএস]
ⓚ কবিতার চরণ ⓚ বিভক্তিযুক্ত শব্দ ও ধাতু
ⓖ প্রত্যয়ান্ত শব্দ বা ধাতু ⓘ যেকোনো শব্দ **খ**

২১. **'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান' – এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?** [২০তম বিসিএস]
ক অবস্থানবাচক শব্দ খ বাক্যালঙ্কার শব্দ
গ ধ্বন্যাত্মক শব্দ ঘ দ্বিরুক্ত শব্দ **গ**

২২. **'তাপ' শব্দের বিপরীতার্থক শব্দ-** [১৫তম বিসিএস]
ক শৈত্য খ শীতল
গ উত্তাপ ঘ হিম **ক**

২৩. **'ইচ্ছা' বিশেষ্যের বিশেষণ নির্দেশ করুন:** [১৫তম বিসিএস]
ক ইচ্ছাময় খ ঐচ্ছিক
গ ইচ্ছুক ঘ অনিচ্ছা **খ**

২৪. **জাতিবাচক বিশেষ্যর উদাহরণ-** [১৪তম বিসিএস]
ক সমাজ খ পানি
গ মিছিল ঘ নদী **ঘ**

২৫. **'সর্বজন'-এর বিশেষণ কী?** [১৪তম বিসিএস]
ক বিশ্বজন খ সর্বজনীন
গ বিশ্বজনীন ঘ ঐশ্বরিক **খ**

২৬. **কোনটি বিশেষণবাচক পদ?** [১৪তম বিসিএস]
ক জীবন খ জীবনী গ জীবিকা ঘ জীবাণু **খ**

২৭. **কোন বাক্যে সমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?** [১৩তম বিসিএস]
ক আমি ভাত খাচ্ছি খ আমি ভাত খেয়ে স্কুলে যাব
গ আমি দুপুরে ভাত খাই ঘ তাড়াতাড়ি ভাত খেয়ে ওঠো **গ**

২৮. **'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [১১তম বিসিএস]
ক নির্ভর খ প্রত্যয়
গ বিস্ময় ঘ দ্বিধা **খ**

২৯. **বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে-** [১১তম বিসিএস]
ক শব্দ খ কারক
গ পদ ঘ ক্রিয়াপদ **গ**

৩০. **'চন্দ্র' এর বিশেষণ রূপ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক চান্দ্র খ চাঁদ
গ চন্দ্রা ঘ চান্দ্রা **ক**

৩১. **'শীকর' শব্দের অর্থ-** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক গাছের ফুল খ মেনে নেয়া
গ জলকণা ঘ রাজত্ব **গ**

৩২. **'ভূত' শব্দের বিপরীতার্থক শব্দ কী?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২ )'২৪]
ক প্রেত খ বর্তমান
গ ভবিষ্যৎ ঘ অতীত **গ**

৩৩. **'অনাবিল' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়- ২)'২৪]
ক অননাবিল খ আবিল
গ আবিলতা ঘ অন্যগত **খ**

৩৪. **'অলীক' এর বিপরীত শব্দ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (কলেজ পর্যায়)-২০২৪]
ক মিথ্যা খ সত্য
গ সচল ঘ হিংসা **খ**

৩৫. **'হর্ষণ' শব্দের অর্থ কী?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)-২০২৪]
ক দেখা খ হাসা
গ চাষ করা ঘ আনন্দ **ঘ**

৩৬. **'বিবর' শব্দের অর্থ কী?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়)-২০২৪]
ক চূড়া খ বরহীনা
গ বরহীন ঘ গহ্বর **ঘ**

৩৭. **'জরা' এর বিপরীতার্থক শব্দ-** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়)'২৪]
ক জীবন খ মৃত্যু
গ যৌবন ঘ পতিত **গ**

৩৮. **'কৌমুদী' শব্দের প্রতিশব্দ হলো-** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক চাঁদ খ জ্যোৎস্না
গ পদ্মফুল ঘ মুকুল **খ**

৩৯. **'মনীষা' শব্দের বিপরীত শব্দ-** [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২০২৪]
ক নির্বোধ খ প্রভা
গ মনস্বিতা ঘ স্থিরতা **ক**

৪০. **'তোমার নাম কী?' – এখানে 'কী' কোন প্রকারের পদ?** [৪৫তম বিসিএস]
ক প্রশ্নবাচক খ অব্যয়
গ সর্বনাম ঘ বিশেষণ **গ**

৪১. **'তুমি তো ভারি সুন্দর ছবি আঁক!' –বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে?** [৪৫তম বিসিএস]
ক পদান্বয়ী অব্যয় খ অনুসর্গ অব্যয়
গ অনন্বয়ী অব্যয় ঘ অনুকার অব্যয় **গ**

৪২. **কোন অব্যয় বিশেষ্য ও সর্বনাম পদের পরে যুক্ত হয়ে বিভক্তির কাজ করে?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক সংযোজক খ সমুচ্চয়ী
গ অনুকার ঘ অনুসর্গ **ঘ**

৪৩. **'রুধির' শব্দের অর্থ–** [সা.ভূ.ক্যা.অ.প্র.ম. ঢা.গে (জুনিয়র শিক্ষক)'২৩]
ক পানি খ শিরা গ বায়ু ঘ রক্ত **ঘ**

৪৪. **কোনটি 'স্মৃতি' শব্দের বিপরীত শব্দ?** [নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পদ-২০২৪]
ক বিস্মৃতি খ বিস্মরণ
গ ভুলে যাওয়া ঘ বিস্ময় **ক**

৪৫. **'প্রচুর' এর বিশেষ্য রূপ–** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা-২০২৪]
ক প্রাচুর্য খ প্রাচুর্য্য
গ প্রাচুর্যতা ঘ প্রাচুর্য্যতা **ক**

৪৬. **কোন বাক্যে ক্রিয়া অনুক্ত?** [ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২০২৪]
ক খুব শীত লাগছে খ মনটা ভালো নেই আমার
গ করিম স্কুলে যায় ঘ আজ প্রচণ্ড গরম **ঘ**

৪৭. **কোনটিতে প্রযোজক ক্রিয়া আছে?** [বাংলাদেশ রেলওয়ে (বুকিং সহকারী) -২০২৪]
ক তিনি ছেলেকে পড়াচ্ছেন। খ তোমাকে অনেকবার বলেছি।
গ একি কথা শুনি! ঘ তুমি কোন কাননের ফুল? **ক**

৪৮. **'চেতন' শব্দের বিপরীত অর্থ প্রকাশ করছে নিচের কোন শব্দটি?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-২০২৪]
ক সচেতন খ অচেতন
গ অবচেতন ঘ অসচেতন **খ**

৪৯. **'খাতক' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় ধাপ)-২০২৪; প.প.অ. (পরিবার কল্যাণ পরিদর্শিকা) '২৩]
ক চাতক খ খানা
গ ঘাতক ঘ মহাজন **ঘ**

৫০. **'ম্রিয়মান' শব্দের অর্থ কোনটি?** [স্থা.গ.প্র.অ. (কার্যসহকারী)'২৩]
ক যা ম্লান হয়েছে খ যা ম্লান হবে
গ যার মৃত্যু হয়েছে ঘ যার মৃত্যু প্রায় অবস্থা **ঘ**

৫১. **'বক্কল' শব্দের অর্থ কোনটি?** [স্থা.গ.প্র.অ. (কার্যসহকারী)'২৩]
ক বৃক্ষপত্র খ শিকড়
গ বৃক্ষকাণ্ড ঘ বৃক্ষত্বক **ঘ**

৫২. **'প্রাকৃত' শব্দটির অর্থ-** [বি.বা.এ.লি.(এডমিন অ্যাসিস্ট্যান্ট)'২৩]
ক প্রকৃত খ যথার্থ
গ যা করা হয়েছে ঘ স্বাভাবিক **ঘ**

৫৩. **'নিঝুম' শব্দের অর্থ কী?** [প.অ. (অফিস সহায়ক)'২৩]
ক জঙ্গল খ অন্ধকার গ নীরব ঘ গাছ **গ**

৫৪. **'হেম' শব্দের অর্থ-**[কা.কি. অ. (ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর)'২৩]
ক সুধাকর খ মুক্তা গ রত্ন ঘ স্বর্ণ **ঘ**

৫৫. **'অর্বাচীন' শব্দের বিপরীত শব্দটি-** [সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (প্রথম ধাপ)-২০২৩]
ক প্রাচীন খ নবীন
গ অনির্বাচিত ঘবোকা **ক**

৫৬. **'ভর্ৎসনা' শব্দের বিপরীতার্থক শব্দ–** [বাংলাদেশ বন অধিদপ্তর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-'২৩]
ক অপমান খ প্রশংসা
গ নিন্দা ঘ গিবতকারী **খ**

৫৭. **নিচের কোন বিপরীত শব্দজোড় অশুদ্ধ?** [বা.ষ্ট্র.ক (ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার)'২২]
ক অন্তরঙ্গ-বহিরঙ্গ খ উত্তম-মাধ্যম
গ আবশ্যিক-ঐচ্ছিক ঘ শুষ্ক-সিক্ত **খ**

৫৮. **ঐশ্বর্য এর বিপরীত শব্দ কোনটি?** [(ঘ)ম.নি.কা. (অফিস সহায়ক)'২২; প্রাক-প্রাথমিক (সহকারী শিক্ষক) (মুক্তিযোদ্ধা কোটা)২০১৬]
ক নিঃস্ব খ ঐচ্ছিক
গ আসক্তি ঘ পারত্রিক **ক**

৫৯. **'সৌম্য'- এর বিপরীত শব্দ কি?** [পো.জে.উ. (রাজশাহী) (উচ্চমান সহকারী)'২২;]
ক উগ্র খ শান্ত
গ কঠিন ঘ উদ্ধত **ক**

৬০. **'অদৃশ্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [ত.কম.অ.বা.টে. (উপ-সহকারী প্রকৌশলী/স্টুডিও যন্ত্রবিদ)'২৩]
ক বাস্তব খ দৃশ্যমান
গ দৃষ্টমান ঘ সদৃশ **খ**

৬১. **'আরোহণ' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [ক.জে.ডি.ফা. (অফিস সহায়ক)'২১; কে জে.অ্যা. (অডিটর)'২২]
ক অবরোহণ খ সংশ্লেষণ
গ বিসর্জন ঘ বহির্গমন **ক**

৬২. **'নন্দিত'- এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [ঔ.প্র.অ. (অফিস সহায়ক)'২২]
ক বিষণ্ন খ বিষাদ
গ প্রচ্ছন্ন ঘ নিন্দিত **ঘ**

৬৩. **'আকুঞ্চন' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [বা.ষ্ট্র.ক (ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার)'২২; কি. নি.প্র. (শিক্ষক) (স্কুল)]
ক শান্ত খ আকাঙ্ক্ষা
গ প্রসারণ ঘ কুঞ্চিত **গ**

৬৪. **'ইদানীং' এর বিপরীত শব্দ কোনটি?** [ক. বে. ঘে. কে (কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার)'২২]
ক তদানিন খ ততদিন
গ পরদিন ঘ তদানীং **ঘ**

৬৫. **'বীর' শব্দটির বিপরীত শব্দ কী?** [ঘিম.নি.কা. (অফিস সহায়ক)'২২; জে.ডি.ফা. (জুনিয়র অডিটর (এলডিএ কাম-টাইপিস্ট)'২২]
ক তেজস্বনী খ বিরাঙ্গী
গ বীরাঙ্গনা ঘ বিদুষী **গ**

৬৬. **'মধুর' শব্দের বিপরীতার্থক শব্দ–** [মা.উ.কি. অ. (হিসাব সহকারী)'২৩]
ক তিক্ত খ মিষ্টি
গ অম্লত্ব ঘ মন্দ **ক**

৬৭. **'কৃশ' শব্দের বিপরীত শব্দ কোনটি?** [ষ্ঠা:ক.প্র. অ. (কার্যসহকারী)'২৩]
ক হালকা খ ভারি
গ লম্বা ঘ স্থূল **ঘ**

৬৮. **'খিড়কি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [কি নি.প্র. (শিক্ষক) (স্কুল)'২২]
ক সরুপথ খ চিলোকোঠা
গ গুপ্তপথ ঘ সিংহদার **ঘ**

৬৯. **'সঠিক' শব্দের বিপরীতার্থক শব্দ?** [মা.উ.কি অ. (হিসাব সহকারী)'২৩]
ক সরল খ বেঠিক
গ সহজ ঘ সভ্য **খ**

৭০. **'সফেদ' শব্দটির বিপরীত শব্দ কোনটি?** [বা.প.বি.বো. (সহকারী সচিব/ সহকারী পরিচালক)'২৩]
ক অলস খ নিকষ
গ কর্মঠ ঘ দহন **খ**

৭১. **'তাপ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [প.ম. (সহকারী সাইফার কর্মকর্তা)'২২; পো.জে. উ. (রাজশাহী) উচ্চমান সহকারী)'২২]
ক শৈত্য খ শীতল
গ উত্তাপ ঘ হিম **ক**

৭২. **নির্মল- এর বিপরীতার্থক শব্দ কী?** [ষ্থা.অ. (কম্পাউন্ডার)'২২]
ক প্রফুল্ল খ বিশুদ্ধ
গ পঙ্কিল ঘ কোনোটিই নয় **গ**

৭৩. **'করাল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), কার্যসহকারী-'২৩]
ক সৌম্য খ হৃদ্য
গ হ্রাস্য ঘ সুশ্রী **ক**

৭৪. **'চপল' এর বিপরীতার্থক শব্দ–** [পূবালী ব্যাংক লি. প্রবেশনারি জুনিয়র অফিসার-'২৩]
ক গম্ভীর খ রাশভারী
গ ঠাণ্ডা ঘ স্তব্ধ **ক**

৭৫. **শয়ন, হরণ, গ্রহণ- এগুলো কোন বিশেষ্য?** [ষ্থা/গপ্র. অ. (কার্যসহকারী) '২৩]
ক ব্যক্তিবাচক খ বস্তুবাচক
গ গুণবাচক ঘ ভাববাচক **ঘ**

৭৬. **'সিতকর' শব্দের অর্থ–** [Janata Bank Executive Officer : 2017]
ক সমুদ্র খ চাঁদ
গ হিমালয় ঘ চোর **খ**

৭৭. **'প্রাচীন' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [জা.রা.বো. (সহকারী রাজস্ব কর্মকর্তা)'১৫]
ক নতুন খ বর্তমান গ অর্বাচীন ঘ কোনোটিই নয় **গ**

৭৮. **'অনুমোদিত' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক অননুমেয় খ অনাবশ্যক
গ অননুমোদিত ঘ মতানৈক্য **গ**

৭৯. **এখন গোল্লায় যাও- বাক্যটিতে কোন ধরনের ক্রিয়াপদ ব্যবহৃত হয়েছে?** [বা.বা.এ. (ম্যাটেরিয়াল মেনেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট)'২২]
ক যৌগিক ক্রিয়া খ মিশ্র ক্রিয়া
গ দ্বিকর্মক ক্রিয়া ঘ নামধাতু **খ**

৮০. **ছেলেটি দ্রুত দৌড়ায়। 'দ্রুত' কোন পদের উদাহরণ?** [গ.অ. (ইউনিয়ন সমাজকর্মী)'২২]
ক বিশেষণ খ ক্রিয়া
গ ক্রিয়া বিশেষণ ঘ বিশেষ্য **গ**

৮১. **'অর্ঘ্য' শব্দের অর্থ কী?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক পূজার বাদ্য খ পূজার মণ্ডপ
গ পূজার আধার ঘ পূজার উপকরণ **ঘ**

৮২. **'অনির্বচনীয়' শব্দটির অর্থ-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: (১ম পর্যায়): ২২]
ক সুনিশ্চিত খ নির্বাচনযোগ্য নয়
গ বর্ণনাতীত ঘ অনিশ্চিত **গ**

৮৩. **'ইনকিলাব' শব্দের অর্থ কী?** [প্রাক-প্রাথমিক স.ঘ শিক্ষক (ভলগা) : ১৩]
ক বিপ্লবী খ চিরজীবী গ সন্ত্রাস ঘ আন্দোলন **ঘ**

৮৪. **'উষ্ণীষ' এর অর্থ–** [ষোড়শ বেসরকারি শিক্ষক বিব্ধন (স্কুল) : ১৯]
ক অত্যন্ত উষ্ণ খ কুসুম কুসুম উষ্ণ
গ পাগড়ি ঘ শীতের আমেজ **গ**

৮৫. **'সুন্দর মানুষকে নিজের দিকে টানে'। -বাক্যটিতে 'সুন্দর' শব্দটি কোন পদ?** [১৫তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
ক বিশেষ্য খ বিশেষণ গ সর্বনাম ঘ অব্যয় **ক**

৮৬. **'কর্বুর' শব্দের অর্থ–** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক গন্ধদ্রব্যবিশেষ খ রাসায়নিক পদার্থ
গ করণীয় ঘ রাক্ষস **ঘ**

৮৭. **'টীকা ভাষ্য' অর্থ–** [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৪]
ক উৎস খোঁজা খ সারকথা
গ ব্যাখ্যা বিশ্লেষণ ঘ নির্ঘণ্ট **গ**

৮৮. **'নিকুঞ্জ' শব্দের সঠিক অর্থ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয় স.ঘ শিক্ষক : ১৮]
ক খেলার মাঠ খ পাখির বাসা
গ খড়ের ঘর ঘ বাগান **ঘ**

৮৯. **'প্রভাত সূর্যের' সমার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (হোয়াংহো)'১৩]
ক রবি খ দিনমণি গ অরুণ ঘ ভানু **গ**

৯০. 'প্রাংশু' শব্দের অর্থ কী? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ক প্রাচীর খ পূর্বকালের
গ দীর্ঘকায় ঘ পূর্বদিক গ

৯১. 'পঞ্চম স্বর' এর অর্থ কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক পল্লব খ পায়ের পাতা
গ দেবতার আরাধতা ঘ কোকিলের সুরলহরি ঘ

৯২. 'বেসাতি' শব্দের প্রকৃত অর্থ কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মিসিসিপি) : ১৩]
ক পোশাক খ সাজসজ্জা গ উপকরণ ঘ কেনাবেচা ঘ

৯৩. 'ভিষক' শব্দের সঠিক অর্থ কোনটি? [মাধ্যমিক বিদ্যালয় স.ঘ শিক্ষক : ০১]
ক দরবেশ খ চিকিৎসক গ ওঝা ঘ কবিরাজ খ

৯৪. 'অতিকায়' শব্দের বিপরীত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় পর্যায়) : ১৯]
ক বৃহৎ খ ক্ষুদ্রকায় গ অণু ঘ অল্প খ

৯৫. 'প্রসারণ' এর বিপরীত শব্দ- [ষোড়শ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ) : ১৯]
ক সম্প্রসারণ খ বিবর্ধন গ আকুঞ্চন ঘ আকর্ষণ গ

৯৬. 'উত্তপ্ত' শব্দটির বিপরীতার্থক শব্দ কী? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা)'১০]
ক শৈত্য খ শীত গ বরফ ঘ শীতল ঘ

৯৭. 'উচাটন' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক উর্ধ্বটান খ প্রশান্ত গ উঁচুনিচু ঘ উত্তাল খ

৯৮. কোন শব্দটি 'সিক্ত'র বিপরীত? [১২তম প্রভাষক নিবন্ধন : ১৫]
ক অর্জন খ বর্জন গ শুষ্ক ঘ তীব্র গ

৯৯. কোনটি 'গুপ্ত' শব্দের বিপরীতার্থক শব্দ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (চট্টগ্রাম বিভাগ : ০৮]
ক প্রকাশ খ উন্মীলিত গ অব্যক্ত ঘ ব্যক্ত ঘ

১০০. 'তেজী' শব্দের বিপরীত শব্দ কোনটি? [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল - ২)'১৬]
ক অস্তেজ খ শক্তি গ নিস্তেজ ঘ তেজ গ

১০১. 'দুর্দান্ত' এর বিপরীত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সঘ শিক্ষক : ১৮]
ক সুবিনীত খ কোমল গ নিরীহ ঘ স্থির গ

১০২. দুহিতা-এর বিপরীত শব্দ কোনটি? [১৩তম শিক্ষক বিন্ধন : ১৬]
ক পুত্র খ কন্যা গ স্ত্রী ঘ স্বামী ক

১০৩. 'নিরাকার' শব্দের বিপরীতার্থক শব্দ– [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]
ক আকার খ সাকার গ অদৃশ্য ঘ দৃশ্যমান খ

১০৪. 'বিলাপ' এর বিপরীত শব্দ কোনটি? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক'১৯]
ক অপলাপ খ রোদন গ প্রলাপ ঘ হাস্য ঘ

১০৫. 'বিদিত' শব্দের বিপরীত শব্দ কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ক অজ্ঞাত খ গৃহীত গ বিদীর্ণ ঘ বিসর্জন ক

১০৬. 'ব্যষ্টি' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৮]
ক সৃষ্টি খ বৃদ্ধি গ সমষ্টি ঘ ভবিষ্যৎ গ

১০৭. 'মুক্ত' এর বিপরীতার্থক শব্দ- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (কপোতাক্ষ) : ১০]
ক স্বাধীন খ বদ্ধ গ মুক্তি ঘ বাহির খ

১০৮. 'মৃদু' শব্দের অমিল শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক উগ্র খ শক্ত গ উদ্ধত ঘ কঠিন ক

১০৯. 'শর্বরী' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ক দিবস খ কুটিল গ কৃষ্ণ ঘ কুৎসিত ক

১১০. 'সুরভি' এর বিপরীতার্থক শব্দ– [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ১২]
ক কৃষ খ শুভ্র গ পূতি ঘ সুশীল গ

১১১. 'স্বকীয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি? [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল - ২) : ১৬]
ক অপর খ নিজস্ব গ স্বকীয়তা ঘ পরকীয় ঘ

১১২. 'সন্ন্যাসী' এ বিপরীত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় স.ঘ শিক্ষক : ১৭]
ক সন্ন্যাস খ গৃহী
গ গৃহি ঘ কোনোটিই নয় খ

১১৩. 'নির্নিমেষ' শব্দটির অর্থ কী? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ের অডিটর '১৭]
ক আমিষ খ কঠিন
গ অপলক ঘ হৃদয়হীন গ

১১৪. 'প্রথিতযশা' শব্দের অর্থ কী? [বাপেক্স (সহকারী ব্যবস্থাপক) : ২০১৭]
ক প্রার্থী খ যুবক
গ খ্যাতনামা ঘ অবিভাবক গ

১১৫. 'আদ্যোপান্ত' শব্দের অর্থ কী? [বাপেক্স (সহকারী ব্যবস্থাপক) : ২০১৭; বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (একাউন্ট অফিসার): ২০১৭]
ক অতি পুরাতন খ প্রাথমিক
গ অবিমিশ্র ঘ আগাগোড়া ঘ

১১৬. 'লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে'-'আহবে' শব্দের অর্থ- [জবি (খ- ইউনিট)'১৬-১৭]
ক আসিবে খ দেবতার নাম
গ যুদ্ধে ঘ সশব্দে গ

১১৭. 'সালতি' শব্দের অর্থ হলো– [BKB অফিসার (ক্যাশ) : ২০১৭]
ক বড় আকারের সারি খ সাল বা বছর গণনার পঞ্জি
গ শাল গাছের সারি ঘ তাল গাছের সরু ডোঙ্গা ঘ

১১৮. 'নাদ' শব্দের অর্থ কী? [EBEK উপজেলা সমন্বয়কারী- ২০১৭]
ক মেঘের ডাক খ বাঘের ডাক
গ সিংহের ডাক ঘ ময়ূরের ডাক গ

১১৯. 'উপরোধ' শব্দের অর্থ কী? [EBEK উপজেলা সমন্বয়কারী- ২০১৭]
ক প্রতিরোধ খ অনুরোধ গ উপযোগী ঘ প্রতিরোধ খ

১২০. 'লেফাফা' শব্দের অর্থ কী? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ের অডিটর'১৭]
ক বালতি খ মোড়ক গ শাবল ঘ চিঠি খ

১২১. 'কিরীট' শব্দের অর্থ– [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার : ২০১১]
ক সাপ খ বৃক্ষ গ তরবারি ঘ মুকুট ঘ

১২২. 'জাহাকুল আবদ' শব্দের অর্থ- [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা '১৬]
ক বন্দীর হাসি খ গোলামের হাসি
গ প্রেমিকার হাসি ঘ সন্তানের হাসি খ

১২৩. 'রাজসিক' শব্দের বিপরীত শব্দ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক পদে নিয়োগ পরীক্ষা: ২০১৮]
ক প্রাজসিক খ অরাজসিক
গ তামসিক ঘ সাধারণ গ

১২৪. 'গাম্ভীর্য' শব্দের বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ শিপিং করপোরেশন সিনিয়র এ্যাসিসট্যান্ট পদে নিয়োগ : ২০১৮]
ক নম্র খ দুরন্তপনা
গ কপটতা ঘ চাপল্য ঘ

১২৫. কোনটি ভিন্নার্থক শব্দযোগে দ্বিরুক্ত শব্দ? [অগ্রণী ব্যাংক (সিনিয়র অফিসার)'১৯]
ক জন্ম-মৃত্যু খ বনজঙ্গল
গ হাতাহাতি ঘ ডাল-ভাত ঘ

১২৬. 'সচেষ্ট' শব্দের বিপরীতার্থক শব্দ- [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)'১৭]
ক নীরস খ সবল গ নিশ্চেষ্ট ঘ দুর্বল গ

১২৭. সঠিক বিপরীত শব্দযুগল নয়– [ঢাবি (খ- ইউনিট) : ২০১৪-১৫]
ক শ্রী-বিশ্রী খ টক-মিষ্টি
গ গুণ-গান ঘ উন্মুখ-বিমুখ গ

১২৮. 'গৌরব' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার'১৩]
ক লাঘব খ চিরন্তন
গ উর্ধ্বটান ঘ ফায়দা ক

১২৯. 'রিক্ত' এর বিপরীতার্থক শব্দ– [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার- ২০২২]
ক গণ্য খ শূন্য গ পূর্ণ ঘ বন্য গ

১৩০. 'প্রাচী' -শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [৬৯ বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা'১১]
ক প্রচীতী খ প্রতীচী গ প্রতিচী ঘ প্রীতিচী খ




১. 'বঙ্কিম' এর বিপরীত শব্দ কোনটি?
ক বন্ধুর
খ অসম
গ সুষম
ঘ ঋজু

২. 'অনাবিল' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক অননাবিল
খ আবিল
গ আবিলতা
ঘ অন্যগত

৩. "মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ" বাক্যে 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?
ক সমুচ্চয়ী
খ অনন্বয়ী
গ পদান্বয়ী
ঘ অনুকার

৪. 'হর্ষণ' শব্দের অর্থ কী?
ক দেখা
খ হাসা
গ চাষ করা
ঘ আনন্দ

৫. 'কৌমুদী' শব্দের প্রতিশব্দ হলো-
ক চাঁদ
খ জ্যোৎস্না
গ পদ্মফুল
ঘ মুকুল

৬. 'কৃশ' শব্দের বিপরীত শব্দ কোনটি
ক হালকা
খ ভারী
গ লম্বা
ঘ স্থূল

৭. 'শ্যামল' পদের বিশেষ্য কোনটি?
ক শ্যামালিকা
খ শ্যাম
গ শ্যামালিমা
ঘ শ্যামলী

৮. 'উষ্ণীষ' এর অর্থ–
ক অত্যন্ত উষ্ণ
খ কুসুম কুসুম উষ্ণ
গ পাগড়ি
ঘ শীতের আমেজ

৯. 'বেসাতি' শব্দের প্রকৃত অর্থ কী?
ক পোশাক
খ সাজসজ্জা
গ উপকরণ
ঘ কেনাবেচা

১০. 'নির্নিমেষ' শব্দটির অর্থ কী?
ক আমিষ
খ কঠিন
গ অপলক
ঘ হৃদয়হীন

biddabari
**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ঘ |
| ২ | খ |
| ৩ | খ |
| ৪ | ঘ |
| ৫ | খ |
| ৬ | ঘ |
| ৭ | ঘ |
| ৮ | গ |
| ৯ | ঘ |
| ১০ | গ |

**এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari (your success benchmark) কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলা ভাষা ও সাহিত্য" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।**

